# পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, হাজী রোড, রূপনগর আ/এ, মিরপুর-২, ঢাকা-১২১৬

www.pdbf.gov.bd

PDBF

স্মারক সংখ্যা: ৪৭.৬৬.০০০০.১২.৯৯.০০৭.২০(পার্ট-০৩)-১০৮৩

তারিখ: ১৮ ফাল্গুন, ১৪৩১ / ০৩ মার্চ, ২০২৫

**বিষয়: পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর ফেব্রুয়ারি, ২০২৫ মাসের গণশুনানি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ প্রসংগে।**

সূত্র: ৪৭.০০.০০০০.০৩৩.৯৯.০২৯.১৭.৩৬৭; তারিখ: ২৯-০৯-২০২১খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর ২০২৪-২০২৫ অর্থবছরের ফেব্রুয়ারি, ২০২৫ মাসের গণশুনানি সংক্রান্ত মাসিক প্রতিবেদন সদয় অবগতি ও যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: গণশুনানি প্রতিবেদন - ০১ প্রস্থ।

০৩/০৩/২৫

মোঃ মাহমুদ হাসান
(যুগ্মসচিব)
ব্যবস্থাপনা পরিচালক
ফোন: ০২-৮০৩২৯২৬
e-mail: pdbfmd@gmail.com

**সচিব**
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

CamScanner

# গণশুনানি সংক্রান্ত তথ্য প্রেরণ

**মন্ত্রণালয়/বিভাগের নাম:** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**দপ্তর/সংস্থার নাম:** পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

**মাসের নাম:** ফেব্রুয়ারি, ২০২৫

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ) | ০১ দিন | ৫০ জন | ১০ জন | "সুফলভোগীদের ঋণ ও সঞ্চয় হিসাবের স্বচ্ছতা নিশ্চিতকল্পে পাশবই মিলকরণ" শীর্ষক গণশুনানি। | বিগত ২৬.০২.২০২৫ খ্রি. তারিখে "সুফলভোগীদের ঋণ ও সঞ্চয় হিসাবের স্বচ্ছতা নিশ্চিতকল্পে পাশবই মিলকরণ" শীর্ষক গণশুনানি অনুষ্ঠানে পিডিবিএফ ময়মনসিংহ অঞ্চলভূক্ত ভালুকা কার্যালয়ের সুফলভোগী সদস্য ও সংশ্লিষ্ট অংশীজন অংশগ্রহণ করেন।<br><br>উক্ত অনুষ্ঠানে ধামপুর পূর্ব পাড়া মহিলা সমিতি (১১৫) ও ধামপুর জেলে পাড়া মহিলা সমিতি (১৬৫)-এর সদস্যগণ নিম্নোক্ত প্রত্যাশা/প্রস্তাবনা উপস্থাপন করেন:<br><br>১. ঋণ প্রাপ্তিতে সঞ্চয়-এর ইকুইটি কমানো যায় কিনা?<br>২. ক্ষুদ্র ঋণের সেবা মূল্য ৯% করা যায় কিনা?<br>৩. নারী ও ক্ষুদ্র ঋণের সিলিং বৃদ্ধি করা যায় কিনা?<br>৪. সকল সঞ্চয়ের মুনাফা বৃদ্ধির বিষয়টি বিবেচনা করা যায় কিনা?<br>৫. সদস্যদের ছেলে মেয়েদের লেখাপড়ায় কৃতিত্বপূর্ণ অর্জনের জন্য শিক্ষা ঋণ সুবিধা ও বৃত্তি প্রদানের ব্যবস্থা করা যায় কিনা?<br>৬. বিভিন্ন আইজিএ-এর উপর প্রশিক্ষণ প্রদান করা যায় কিনা?<br>৭. জমাকৃত সঞ্চয়ের উপর মাসিক ভিত্তিক মুনাফা প্রদান করা | ময়মনসিংহ অঞ্চলের আওতাধীন ভালুকা কার্যালয়ের ধামপুর পূর্ব পাড়া মহিলা সমিতি (১১৫) ও ধামপুর জেলে পাড়া মহিলা সমিতি (১৬৫)এর সুফলভোগী সদস্য, নারী উদ্যোক্তা, স্থানীয় ব্যক্তিবর্গ ও সংশ্লিষ্ট অংশীজনের উপস্থিতিতে উক্ত গণশুনানি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়াল মাধ্যমে সংযুক্ত ছিলেন পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মাহমুদ হাসান (যুগ্মসচিব)। এছাড়া, পিডিবিএফ-এর ভারপ্রাপ্ত অতিরিক্ত |

CamScanner

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | যায় কিনা?<br><br>৮. মেয়াদী সঞ্চয়ের টাকা নির্দিষ্ট মেয়াদে দ্বিগুন করা যায় কিনা?<br><br>৯. সদস্য অসুস্থ হলে আর্থিক সহযোগিতা এবং চিকিৎসা সেবা প্রদান করা যায় কিনা?<br><br>১০. গৃহ নির্মাণ ঋণ দেয়া যায় কিনা?<br><br>গণশুনানি অনুষ্ঠানে প্রধান কার্যালয় প্রান্তে জনাব মোঃ মাহমুদ হাসান (যুগ্মসচিব), ব্যবস্থাপনা পরিচালক, পিডিবিএফ প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সুফলভোগী সদস্যদের বক্তব্য ধৈর্য্য সহকারে শ্রবণ করেন এবং সদস্যদের প্রশ্নের ধারাবাহিকভাবে জবাব প্রদান করেন:<br><br>১. ঋণ প্রাপ্তিতে সঞ্চয়-এর ইকুইটি কমানোর বিষয়টি ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনাক্রমে পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।<br><br>২. পিডিবিএফ-এর পরিচালনসহ যাবতীয় ব্যয় এ প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে নির্বাহ করা হয়। সরকারের তরফ থেকে প্রয়োজনীয় আর্থিক সহায়তা পাওয়া গেলে ক্ষুদ্র, নারী উদ্যোক্তা ও ক্ষুদ্র উদ্যেক্তা ঋণের সেবা মূল্যের হার সহনীয় পর্যায়ে হ্রাস করা সম্ভব হবে। উল্লেখ্য, ইত:মধ্যে পিডিবিএফ-এর কোভিড প্রণোদনা ঋণ (২য় পর্যায়) ও কৃষি জীবিকায়ন ঋণের সেবা মূল্যের হার ৮% প্রবর্তন করা হয়েছে। অন্যান্য ঋণের সেবা মূল্যের হার প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা বিশ্লেষণপুর্বক পরবর্তীতে বিবেচনা করা যেতে পারে। | পরিচালকবর্গ ও অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ ভার্চুয়াল মাধ্যমে (জুম) পিডিবিএফ প্রধান কার্যালয় প্রান্তে যুক্ত ছিলেন। জামালপুর অঞ্চলের উপপরিচালক, সিনিয়র সহকারী পরিচালক, ভালূকা কার্যালয়ের ইউডিবিও এবং মাঠ কর্মকর্তাগণ গণশুনানি অনুষ্ঠানে সরাসরি অংশগ্রহণ করেন। |

CamScanner

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | ৩. পিডিবিএফ-এর ঋণ পরিকল্পসমূহের মধ্যে ক্ষুদ্র ঋণ কার্যক্রমে প্রথম দফায় ৩০,০০০ টাকা এবং পর্যায়ক্রমে সঞ্চয় ইক্যুইটির ভিত্তিতে ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা পর্যন্ত ঋণ প্রদানের সুযোগ রয়েছে। তাছাড়া, সদস্যদের ঋণ চাহিদার বিপরীতে ৮০% সঞ্চয় জমা সাপেক্ষে ১ম দফার ক্ষেত্রেও উচ্চতর ঋণ প্রদান করা হয় ।<br>৪. সুফলভোগী সদস্যদের জমাকৃত সঞ্চয়ের উপর রাষ্ট্রায়ত্ত ব্যাংকের অনুরূপে সাধারণ সঞ্চয়ের উপর মুনাফা প্রদান করা হয়ে থাকে। পিডিবি অন্যান্য সঞ্চয় পরিকল্পের মুনাফার হার বৃদ্ধির বিষয়টি রাষ্ট্রায়ত্ত ব্যাংকের মুনাফা হারের সাথে সামঞ্জস্য রেখে সমন্বয়ের ব্যাপারে কর্তৃপক্ষের বিবেচনা রয়েছে।<br>৫. সদস্যদের ছেলে মেয়েদের লেখাপড়ায় কৃতিত্বপূর্ণ অর্জনের জন্য ঋণ সুবিধা বা বৃত্তি প্রদান করা যায় কিনা এ প্রশ্নের জবাবে প্রধান অতিথি জানান, শিক্ষা সঞ্চয় পরিকল্প গড়ে তোলার মাধ্যমে বা ঋণ আকারে সহায়তা প্রদানের বিষয়টি পিডিবিএফ-এর ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনাপূর্বক অনুকূল বিবেচনায় পিডিবিএফ-এর পরিচালনা পর্ষদের উপস্থাপন করা যেতে পারে।<br>৬. পিডিবিএফ-এর সুফলভোগী সদস্যদের জন্য উদ্বুদ্ধকরণ প্রশিক্ষণ ও আয়-উৎসারী প্রশিক্ষণ প্রদান অব্যাহত রয়েছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রম জোরদারকরণের পরিকল্পনা রয়েছে। তাছাড়া, উক্ত প্রশিক্ষণের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ প্রদান করা হবে।<br>৭. সুফলভোগী সদস্যদের জন্য মাসিক মুনাফা ভিত্তিক সঞ্চয় পরিকল্প চালুকরণের বিষয়ে কর্তৃপক্ষের বিবেচনায় রয়েছে। | |



CamScanner

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | বিষয়টি ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা যেতে পারে।<br>৮. মেয়াদী সঞ্চয়ের টাকা নিদিষ্ট মেয়াদে দ্বিগুন করার বিষয়টি পিডিবিএফ ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনপূর্বক পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।<br>৯. কোন সুফলভোগী সদস্য অসুস্থ হলে আপাতত: পিডিবিএফ থেকে সরাসরি আর্থিক সহযোগীতা ও চিকিৎসা সেবা প্রদানের সুযোগ নেই, তবে এক্ষেত্রে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হতে চিকিৎসা সেবা সহজে প্রাপ্তির বিষয়ে প্রয়োজনীয় সহায়তা পিডিবিএফ হতে প্রদান করা যেতে পারে।<br>১০. পিডিবএফ হতে সুফলভোগী সদস্যদের গৃহ নির্মাণ ঋণ সুবিধা প্রদানের সুযোগ আপাতত: নেই। তবে, পিডিবিএফ ব্যবস্থাপনা কমিটির সভায় আলোচনাপূর্বক পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।<br>উক্ত গণশুনানী অনুষ্ঠানে ব্যবস্থাপনা পরিচালক পিডিবিএফ সুফলভোগীদের ঋণ ও বিভিন্ন সঞ্চয় পরিকল্পের সাথে যুক্ত হয়ে ঋণের অধিকতর ব্যবহারের মাধ্যমে নিজেদের অবস্থার উন্নয়ন সামাজিক উন্নয়ন ও গ্রামীণ অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখার জন্য পরামর্শ প্রদান করেন। তিনি আইজিএ ভিত্তিক ঋণ বিতরণ এবং ঋণের সঠিক ব্যবহার নিশ্চিত করার জন্য যথাযথ পরিবীক্ষণ অব্যাহত রাখা, সাপ্তাহিক প্রশিক্ষণ ফোরাম জোরদারকরণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। তাছাড়া, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় অধিক সঞ্চয় জমা, ঋণ শৃংখলা রক্ষা করে নিয়মিত কিস্তি প্রদানকারী ও সফল উদ্যোক্তাদেরকে বিশেষ পুরষ্কার প্রদানের পরিকল্পনা গ্রহণ করা | |



CamScanner

| ক্রম | কার্যালয়ের নাম | বিবেচ্য মাসে মোট কতদিন শুনানি গৃহীত হয়েছে | সেবা প্রত্যাশীর সংখ্যা | কতজনের আবেদন/ অভিযোগের নিষ্পত্তি হয়েছে | আবেদন/অভিযোগ/ সেবার বিষয়/ক্ষেত্র (সাধারণভাবে সেবার প্রকৃতি সংক্ষেপে উল্লেখ করত হবে) | গৃহীত ব্যবস্থা (সংক্ষেপে) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করেন।<br><br>তাছাড়া, নতুন আইজিএ সৃজনপূর্বক দলগতভাবে প্রণোদনা ও কৃষি জীবিকায়ন ঋণ বিতরণের বিষয়ে অধিকতর কার্যকর ভূমিকা পালনের জন্য নির্দেশনা প্রদান করেন। পিডিবিএফ-এর বহুমাত্রিক ঋণ ও সঞ্চয় কার্যক্রম, আয় উৎসারি কর্মকান্ড, নবসম্পদ সৃজন, প্রণোদনা ঋণ কর্মসূচি এবং প্রশিক্ষণ বাস্তবায়ন ইত্যাদি বিষয় সম্পর্কে অলোচনা করেন। অনুষ্ঠানের প্রধান অতিথি সুফলভোগী সদস্যদের সঞ্চয় পরিবৃদ্ধির বিষয়ে গুরুত্বারোপ করেন। সুফলভোগী সদস্যদের উদ্দেশ্যে ব্যবস্থাপনা পরিচালক বলেন, সমিতির কার্যক্রম সচল রাখার লক্ষ্যে সমিতিকে খেলাপী মুক্ত রাখতে হবে, ঋণের অর্থ এককভাবে বা দলগতভাবে আয় উৎসারি কাজে বিনিয়োগ করার জন্যও তিনি অভিমত প্রদান করেন।<br><br>পরিশেষে, তিনি সুশৃঙ্খলভাবে সমিতির কার্যক্রম পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। | |

০৩/০৭/২০২৫
(বিনতা বিশ্বাস)
সহকারী পরিচালক
পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ
পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা

০৩.০৭.২০২৫
মো: শফিকুল ইসলাম
অতিরিক্ত পরিচালক (ভারপ্রাপ্ত)
অর্থ বিভাগ, পিডিবিএফ

০৩/০৭/২০২৫
মোঃ মাহমুদ হাসান
(যুগ্মসচিব)
ব্যবস্থাপনা পরিচালক
পিডিবিএফ



CamScanner

## “সুফলভোগীদের ঋণ ও সঞ্চয় হিসাবের স্বচ্ছতা নিশ্চিতকল্পে পাশবই মিলকরণ” শীর্ষক গণশুনানি অনুষ্ঠানের স্থিরচিত্র:

স্থান: ধামপুর পূর্বপাড়া মহিলা সমিতি (১১৫)
ও
ধামপুর জেলে পাড়া মহিলা সমিতি (১৬৫)
ভালুকা কার্যালয়, পিডিবিএফ, ময়মনসিংহ










গত ২৬ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে পিডিবিএফ ময়মনসিংহ অঞ্চলের ভালুকা কার্যালয়ে ঋণ গ্রহীতা ও স্থানীয় ব্যক্তিবর্গের উপস্থিতিতে গণশুনানী অনুষ্ঠিত হয়। গণশুনানী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ভার্চুয়ালি সংযুক্ত ছিলেন পিডিবিএফ-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ মাহমুদ হাসান (যুগ্ম সচিব) মহোদয়।

CS CamScanner








গত ২৬ ফেব্রুয়ারি, ২০২৫ তারিখে পিডিবিএফ ময়মনসিংহ অঞ্চলাধীন ভালুকা কার্যালয়ে অনুষ্ঠিত গণশুনানী অনুষ্ঠানে সমিতির শ্রেষ্ঠ সদস্য/উদ্যোক্তাদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

CS CamScanner